জাতীয় পার্টির ভোটে অংশগ্রহণ বাতিলের দাবি আখতার হোসেনের



সংগৃহীত ছবি

জাতীয় পার্টিকে ‘ফ্যাসিবাদের দোসর’ আখ্যা দিয়ে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দলটিকে অযোগ্য ঘোষণার দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন। তিনি বলেন, ফ্যাসিবাদী রাজনীতির পুনর্বাসন কোনোভাবেই মেনে নেওয়া হবে না। এ বিষয়ে সরকার ও নির্বাচন কমিশনের কাছে দ্রুত সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানান তিনি।

শুক্রবার (২ জানুয়ারি) বিকেলে রংপুর জেলা প্রশাসক কার্যালয়ে রংপুর-৪ আসনের মনোনয়ন যাচাই-বাছাই শেষে সাংবাদিকদের কাছে এসব কথা বলেন আখতার হোসেন। তিনি অভিযোগ করেন, গত ১৬ বছরে স্বৈরাচার গড়ে ওঠা ও টিকে থাকার পেছনে জাতীয় পার্টির ভূমিকা ছিল। তাই তাদের নির্বাচনী অংশগ্রহণ বন্ধ করা জরুরি।

নির্বাচনের পরিবেশ প্রসঙ্গে তিনি বলেন, অর্থ ও পেশিশক্তির প্রভাব এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি নিয়ে শঙ্কা রয়েছে। প্রার্থীদের নিরাপত্তা ও লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করতে নির্বাচন কমিশনের কঠোর পদক্ষেপ চান তিনি।

জামায়াতের সঙ্গে জোট বিষয়ে আখতার হোসেন জানান, সংস্কার ও বিচার নিশ্চিতের লক্ষ্যে আট দলীয় জোট নির্বাচনে যাচ্ছে এবং আসন সমঝোতা চূড়ান্তের কাজ চলছে।

উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে রংপুর-৪ আসনে এনসিপির প্রার্থী আখতার হোসেন। এ আসনে যাচাই-বাছাই শেষে তিন প্রার্থীর মনোনয়ন বাতিল এবং সাতজনকে বৈধ ঘোষণা করেছেন রিটার্নিং কর্মকর্তা।